

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৭  
সরকারি পরিবহন পুল ভবন,  
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৭২.৮৪-২০২.

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩০  
২১ মে ২০২৩

বিষয় : দিনাজপুর জেলার কাহারোল উপজেলার ০৫ নং সুন্দরপুর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ আশরাফ উদ্দীন আহম্মেদ এর নামীয় নিকাহ রেজিস্ট্রি লাইসেন্স বাতিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সাব-রেজিস্ট্রার, কাহারোল, দিনাজপুর এর তদন্তে আপনার বিরুদ্ধে দিনাজপুর জেলার বিরল উপজেলার ০২ নং ফরক্বাবাদ ইউনিয়নের এমপিওভুক্ত দেওয়ানদিঘী দাখিল মাদ্রাসায় সুপার পদে চাকুরী করার অভিযোগ প্রমাণিত হওয়ায়; অদ্যাবধি কারণ দর্শানোর জবাব দাখিল না করায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় আপনার নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

স্বা.  
(মুরাদ জাহান চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮

প্রাপক,


জনাব মোঃ আশরাফ উদ্দীন আহম্মেদ  
নিকাহ রেজিস্ট্রার, ০৫ নং সুন্দরপুর ইউনিয়ন  
কাহারোল, দিনাজপুর।

নং বিচার-১০.০০.০০০০.১৩১.১১.০৭২.৮৪-২০২.

তারিখ : ০৭ জ্যৈষ্ঠ ১৪৩০  
২১ মে ২০২৩

বিবরণ সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- ০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
- ০২। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ০৪। জেলা রেজিস্ট্রার, দিনাজপুর (সংশ্লিষ্ট সাবেক নিকাহ রেজিস্ট্রারের নিকট হতে বিবাহ রেজিস্ট্রিকরণ সম্পর্কিত যাবতীয় রেকর্ডপত্র ও বালাম বহি সংগ্রহ করার জন্য এবং শূন্যঘোষিত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত কার্য পরিচালনার জন্য বিধি মোতাবেক অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য উক্ত অধিক্ষেত্রের সংলগ্ন কোন অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৫। সাব-রেজিস্ট্রার, কাহারোল, দিনাজপুর (শূন্যঘোষিত অধিক্ষেত্রে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের জন্য বিধি মোতাবেক প্যানেল প্রস্তুত করত মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
- ০৬। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অফিস কপি/ গার্ড ফাইল।

  
(মুরাদ জাহান চৌধুরী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন নম্বর-০২২২৩৩৮৫৪৫৮